

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪০০

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ যার সাথে ভালো কিছু করা হয় তার প্রতি নির্দেশ হলো, প্রতিদান দেওয়া

ذِكْرُ الْأُمْرِ بِالْمُكَافَأَةِ لِمَنْ صُنْغَ إِلَيْهِ مَعْرُوفٌ

## আরবী

3400 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا جَرِيرُ بْنُ عَبْدِ الْحَمِيدِ عَنِ الْأَعْمَشِ عَنْ مُجَاهِدٍ: عَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنِ اسْتَعَاذَكُمْ بِاللَّهِ فَأَعْطُوهُ وَمَنْ دَعَاكُمْ فَأَجِيبُوهُ وَمَنْ صَنَعَ إِلَيْكُمْ مَعْرُوفًا فَكَافِئُوهُ فَإِنْ لَمْ تَجِدُوا مَا تُكَافِئُونَهُ فَادْعُوا اللَّهَ لَهُ حَتَّى تَرَوْا أَنْ قد كَافَأتموه)

الراوي: ابْن عُمرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3400 | خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) ((الصحيحة)) (254) , ((الصحيحة))

قَالَ أَبُو حَاتِمٍ: قصَّر جَرِيرٌ فِي إِسْنَادِهِ لأنه لم يحفظ إبراهيم التيمي فيه

## বাংলা

৩৪০০. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে ব্যক্তি আল্লাহর দোহাই দিয়ে আশ্রয় চাইবে, তোমরা তাকে আশ্রয় দিবে, যে ব্যক্তি আল্লাহর দোহাই দিয়ে সাহায্য চাইবে, তোমরা তাকে তা প্রদান করবে এবং যে ব্যক্তি তোমাদেরকে দাওয়াত দিবে, তোমরা তার দাওয়াত কবূল করবে এবং যে ব্যক্তি তোমাদের জন্য ভালো কিছু করবে, তোমরা তাকে বিনিময় দিবে। যদি তোমরা বিনিময় দেওয়ার মত কোন কিছু না পাও, তবে তোমরা তার জন্য এই পরিমাণ দুআ করবে যে, তোমরা মনে করবে যে তোমরা তার প্রতিদান দিয়েছো।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেছেন, "এই হাদীস বর্ণনায় জারীর রহিমাহুল্লাহ ত্রুটি করেছেন। কেননা তিনি এখানে ইবরাহিম আত তাইমীর নাম সংরক্ষন করেননি।"



## ফুটনোট

[1] আবূ দাউদ: ৫১০৮; মুসনাদ আহমাদ: ১/২৪৯-২৫০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৪৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন